৭৩

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 06 NOV 1997
পৃষ্ঠা: ১ কলাম ৮

# হলগুলি আবার বহিরাগতদের নিয়ন্ত্রণে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার॥ গতকাল (বুধবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের পাঁচটি হলে হল বিতাড়িত বহিরাগতরা নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করিয়াছে। ছাত্রলীগ নেতা শামীম আহমদ বহিরাগতদের বিতাড়িত (১১শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## হলগুলি আবার

(শেষ পৃঃ পর)

করিয়া গত সোমবার রাতে এই হলগুলির নিয়ন্ত্রণ গ্রহণ করিয়াছিলেন। ঐ রাতেই পুলিশ তাহাকে গ্রেফতার করিয়া ২ দিনের রিম্যান্ডে নেয়। ফলে হলগুলিতে বহিরাগত ক্যাডারদের হামলার আশংকায় ছাত্ররা রাত জাগিয়া হল পাহারা দিতে থাকে। কিন্তু গতকাল ছাত্রদের সহিত ছাত্রলীগের একজন শীর্ষনেতার ভয়ভীতির মধ্যস্থতায় বহিরাগতরা ৫টি হলে ফিরিয়া নিয়ন্ত্রণে নেয়। বাংলা বিভাগের ছাত্র শামীম আহমদের রিম্যান্ডের মেয়াদ আজ শেষ হইবে। বহু সংখ্যক ছাত্রলীগ কর্মী গতকাল রাতে ইত্তেফাককে ফোন করিয়া এই বহিরাগতদের হইতে কবল হলগুলি মুক্ত করা এবং শামীমের মুক্তির দাবী জানান।